

নং- ৪৬.০৪২.০১১.০৫.০০.০০৫.২০১৪.৩২৯৬


তারিখঃ ১৬/০৫/২০১৬।

বিষয় : ঝালকাঠী জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত শূণ্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ ঝালকাঠী জেলা পরিষদের স্মারক নং-ঝাঃজেঃপঃ/২০১৬-২৬৯, তারিখঃ ৫/৪/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝালকাঠী জেলা পরিষদের দাপ্তরিক কাজের সুবিধার্থে সাংগঠনিক কাঠামোভুক্ত অফিস সহায়ক (এম এল এস এস) এর ৬টি পদের মধ্যে একটি শূণ্য পদে “স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০” অনুযায়ী সরাসরি লোক নিয়োগের ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে, এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত মূলবৎ থাকবে।

২। ঝালকাঠী জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত অফিস সহায়ক (এম এল এস এস) এর দুটি পদে ১৮/৮/২০১৫ তারিখের ৩৪৮৩ নং স্মারকে এবং ৭/১০/২০১৫ তারিখের ৩৮৩৫ নং স্মারকে ইতোপূর্বে প্রদত্ত ছাড়পত্রের মেয়াদ নির্দেশক্রমে আরও ৬ (ছয়) মাস বৃদ্ধি করা হলো।


জুবাইদা নাশরীন
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝালকাঠী।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, ঝালকাঠী।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।